



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০.১০৬৮

তারিখ: ৩ ভাদ্র ১৪২৯

১৮ আগস্ট ২০২২

বিষয়: “শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহের” সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, সুষ্ঠু পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও অপব্যবহার রোধকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ, শিক্ষার সকল স্তরে আইসিটি শিক্ষার বিকাশ এবং সারাদেশে আইসিটি শিক্ষার গুণগত মানোন্নয়ন, শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজনীয় অবকাঠামো স্থাপন, আইসিটির নিত্য নতুন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে আইসিটি অধিদপ্তর কর্তৃক প্রথম পর্যায়ে ২০১৫-২০১৯ সাল পর্যন্ত বাস্তবায়িত “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের” আওতায় সৌদি আরবে ১৫টি সহ সারাদেশের ৪০১৬টি শিক্ষা প্রতিষ্ঠানে (বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র) “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। উক্ত প্রকল্পের সফলতার ধারাবাহিকতায় বর্তমানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্পের (২০২০-২০২৩ পর্যন্ত)” আওতায় সারাদেশের আরও ৫০০০টি শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কলেজ, মাদ্রাসা ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান) “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” এবং প্রতিটি সংসদীয় আসনে ১টি করে মোট ৩০০টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে।

২। সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবসমূহের সুষ্ঠু ব্যবহার, রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা বিধানের জন্য বিগত ২৩ অক্টোবর ২০১২ খ্রিস্টাব্দ তারিখের শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র, প্রকল্প দপ্তর হতে ল্যাব ব্যবহারের গাইডলাইন সরবরাহ এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে। স্থাপিত “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” এবং “শেখ রাসেল স্কুল অব ফিউচার” পরিদর্শনকালীন লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু প্রতিষ্ঠানের ল্যাবের ল্যাপটপসহ অন্যান্য আইটি সামগ্রীসমূহ ল্যাবের বাহিরে/ব্যক্তিগত কাজে/বাড়িতে ব্যবহৃত হচ্ছে। যা শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিচালন নীতিমালার পরিপন্থী এবং যা কোনভাবেই কাম্য নহে।

৩। এমতাবস্থায়, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবসমূহের সুষ্ঠু ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ ও অপব্যবহার রোধকল্পে নিম্নরূপ বিষয়গুলো অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

ক) শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ল্যাপটপসহ অন্যান্য আইটি সামগ্রী ও আসবাবপত্র ল্যাব কক্ষের বাহিরে/অফিসে/বাড়িতে নিয়ে যাওয়া যাবে না। আইসিটি বিষয়ক সকল ক্লাস নিয়মিতভাবে শেখ রাসেল ডিজিটাল ল্যাবে পরিচালনা করতে হবে।

খ) ল্যাবের ল্যাপটপসহ অন্যান্য আইটি সামগ্রী ও আসবাবপত্রের সর্বোত্তম ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা নিশ্চিত করতে হবে এবং ল্যাব কক্ষ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

গ) ল্যাবের ল্যাপটপসহ অন্যান্য আইটি সামগ্রী চুরি/হারানো রোধকল্পে যথাযথভাবে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। যদি কোন ল্যাপটপ বা আইটি সামগ্রী চুরি/হারিয়ে যায় এবং উদ্ধার করা সম্ভব না হয় সেক্ষেত্রে প্রকল্প দপ্তরের সাথে চুক্তি মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানকে নিজ অর্থায়নে সেটি ক্রয় করে ল্যাবে প্রতিস্থাপন করতে হবে।

ঘ) ল্যাব ব্যবহারের তথ্য নিয়মিতভাবে রেজিষ্টারে সংরক্ষণ এবং প্রতিমাসে প্রতিবেদন আকারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া ল্যাবের ল্যাপটপসহ সকল মালামালের তথ্য স্থায়ী সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

ঙ) জেলা ও উপজেলার আইসিটি বিষয়ক কমিটির সভার আলোচ্যসূচীতে ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ, সঠিকভাবে পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও অপব্যবহার রোধকরণের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

৪। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনার আলোকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহের সুষ্ঠু ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত ও অপব্যবহার রোধকল্পে প্রয়োজনীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

R.Mahab

১৮-৮-২০২২

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৬৮২৬

ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬

ইমেইল: pdsrdl@doict.gov.bd

বিতরণ :

- ১) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩) শেখ রাসেল ডিজিটাল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট (সকল)।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০.১০৬৮/১(২৫০)

তারিখ: ৩ ভাদ্র ১৪২৯
১৮ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক (সকল)।
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) জেলা শিক্ষা অফিসার সকল (সকল)।
- ৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

M.A. Hossain

১৮-৮-২০২২

মোহাম্মদ আবুল হাশেম

উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত দায়িত্ব)